মেহেরপুরে ৯০ বোতল ফেনসিডিলসহ এক জন আটক

৯০ বোতল ফেনসিডিলসহ মোঃ শাহাজামাল(৫৫) কে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি টিম। আটক মোঃ শাহাজামাল গাংনী উপজেলার দক্ষিণ অলিনগর গ্রামের কালুহার মন্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার স্কোয়ার্ডন লিডার রাসেলের নেতৃত্বে র্যাবের একটি টিম আজ সোমবার (৭ নভেম্বর) সন্ধ্যার দিকে দক্ষিণ অলিনগর গ্রামে গোপন সংবাদে বিশেষ অভিযান চালিয়ে ৯০ বোতল ফেনসিডিলসহ শাহাজামালকে আটক করেন।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার স্কোয়ার্ডন লিডার রাসেল বলেন, দক্ষিণ অলিনগর গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অন্যরা পালিয়ে গেলেও শাহাজামালকে আটক করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আসামির বিরুদ্ধে গাংনী থানায় মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

দামুড়হুদায় দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উপজেলা পরিষদ চত্বরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ মেলা আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা – ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি।

উদ্বোধন শেষে মেলার স্টল ঘুরে দেখেন প্রধান অতিথি সহ অতিথি

মেহেরপুরে জেলা ও দায়রা জজের যোগদান

মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ সোমবার দুপুরের দিকে তার কর্মস্থল মেহেরপুরে যোগদান করেছেন।সোমবার (৭ নভেম্বর) দুপুরের দিকে তিনি যোগদান করেন।

জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ মেহেরপুরে এসে পৌঁছালে মেহেরপুর জজ কোর্টের এসময় অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস বিচারক বৃন্দ তাকে স্বাগত জানান।

চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর, অন্যান্য বিচারকবৃন্দ ও মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য তাকে ফুলেল শুভেচ্ছা জানান। সম্প্রতি মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালীউর রহমান বদলি হওয়ায় মো: শহিদুল্লাহ তার স্থলাভিষিক্ত হন।

বেহুলা লক্ষিন্দারের গানে ঝুড়ি থেকে বেড়িয়ে এলো ভয়ংকর গোখরা সাপ

আবহমান বাংলার চিরায়ত বাঙালি সমাজে সাপের খেলা একটি বিনোদনের মাধ্যম ছিল। একই সাথে সাঁপুড়েদের অর্থ উপার্জনও হতো এই সাপ খেলার মাধ্যমে। সাপে কামড়ানো রোগীদের চিকিৎসা, বসবাসের ঘর থেকে সাপ ধরা এবং মনুষা লক্ষিন্দারের গান শুনিয়ে সাপ খেলা দেখানো সাঁপুড়েরা। আধুনীক সভ্যতায় সাপুড়দের আর খুব বেশী দেখা যায়না।

মেহেরপুর পৌর কলেজপাড়া এলাকার ৭৪ বছর বয়সী চেতন আলী সাপুড়ে প্রায় ৪০ বছর ধরে টিকিয়ে রেখেছেন এই সাপের খেলা। এই সাপের খেলা দেখিয়েই চলছে তার পরিবার পরিজনের ভবণ পোষণ।

সোমবার সকালে মেহেরপুর শহরের মল্লিকপাড়া মোড় এলাকায় সাপের খেলা দেখাচ্ছিলেন। বাদ্যের তালে তালে বেহুলা লক্ষিন্দারের গানে
ঝুড়ি থেকে বেড়িয়ে আসে ভয়ংকর গোখরা সাপ। উপস্থিত দর্শকের করতালি যেনো সাপুড়ে চেতন আলীর খেলা দেখানো চেতনা আরো বাড়িয়ে তোলে। শুরু করেন গানের সাথে সাপের খেলা। মন্ত্র আর মনোমুগ্ধকর সাপ খেলা দর্শকদের মনকে আনন্দে ভরিয়ে তোলে।

খেলা দেখানো শেষ হলে তার সাথে কথা হয়। তিনি বলেন, এটা আমার বাপ দাদার পৈত্রিক পেশা। আমার আগে আমার বাবা তার আগে তার বাবা সকলেই সাপ খেলা দেখিয়ে জীবন ধারণ করতেন।আগে আয় রোজগার ভালই হতো। সারাদিন খেলা দেখিয়ে ১৫/১৬ কেজি চাল পেতাম। সাথে কিছু টাকা পয়সা পাওয়া যেতো। আজকাল আর সেভাবে টাকা পয়সা পাওয়া যায়না। বছরের তিন চার মাস সাপের খেলা দেখাই। বাকিটা সময় অন্যান্য কাজ করে কোনো মতে আয় রোজগার করি। সাপের খেলা দেখিয়ে প্রতি দিন ৩/৪ শ টাকা ইনকাম হয়। এর মধ্যে সাপকে খেতে দিতে হয়। তাদের ডিম, কবুতরের বাচ্ছা, ইদুরসহ অন্যান্য খাবার দিতে হয়। সাপের খেলা দেখাতে গিয়ে মৃত্যুর ঝুঁকি পর্যন্ত থাকে। সাপেদের নিয়মিত দাঁত ভেঙ্গে দিতে হয়। যে কোনো সময় দুর্ঘটনার সম্ভাবনাও থাকে। তবুও এদের প্রতি এক ধরণের মায়াও কাজ করে।

কোটচাঁদপুরে জাতীয় ও সংহতি দিবস পালিত

৭ই নভেম্বরের চেতনায় জাগ্রত হোক গণতন্ত্র ও মানুষের ভোটের অধিকারের সংগ্রাম এ শ্লোগানে কোটচাঁদপুরে বিএনপি পালন করেছেন জাতীয় বিপ্লব ও সংহতি দিবস। সোমবার বিকালে স্থানীয় মেইনবাসস্ট্যান্ডের দলীয় কার্যালয়ে দিবসটি পালিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, উপজেলা বিএনপির সহসভাপতি মিজানুর রহমান লাবলু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ

সম্পাদক লিয়াকত আলী,জেলা কমিটির প্রশিক্ষন বিষয়ক সম্পাদক মোস্তফা সাঈদ,জেলা বিএনপির সদস্য আশরাফ আলী, ফরিদ আহম্মেদ,উপজেলা বিএনপির নেতা মোহাম্মদ আলী,সাইফুর রহমান মিন্টু,রফিকুল ইসলাম,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল। সভা সঞ্চালনা করেন উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

আলমডাঙ্গায় দিন-দুপুরে চুরি স্বর্ণালঙ্কাসহ মা মেয়ে ও জুয়েলারি ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার মাদ্রাসা পাড়ায় বসত-বাড়িতে দিনে-দুপুরে স্বর্ণালঙ্কার চুরির ঘটনায় ১৮ ঘন্টায় চুরিকৃত স্বর্ণালঙ্কার উদ্ধার করেছে পুলিশ।

সোমবার (৭ নভেম্বর) দিবাগত রাতে কুষ্টিয়া জেলার চৌঁরহাস এলাকার ক্যানেলপাড়া থেকে স্বর্ণালংকার উদ্ধার করে পুলিশ। এ চুরির ঘটনায় মা- মেয়েসহ কুষ্টিয়ার জুয়েলারি ব্যবসায়ীকে আটক করেছে । এ ঘটনায় আলমডাঙ্গা থানায় স্বর্ণালঙ্কার চুরির মামলা দায়ের করা হয়েছে।

আটকৃতরা হলো- কুষ্টিয়া শহরের চৌঁরহাস ক্যানেলপাড়ার আবুল হোসেনের স্ত্রী জাহানারা খাতুন (৬৫), তার মেয়ে রেজাউল করিমের স্ত্রী পলি খাতুন (৩৮) ও কুষ্টিয়া শহরের চৌঁরহাস মোড়ে সোহাগ জুয়েলারির মালিক সোহাগ (৩৮)।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মাদ্রাসা পাড়ায় সানোয়ার হোসেন ও স্ত্রী-জবেদা খাতুন তার ছেলের বউ বসবাস করে। গত (৬ নভেম্বর) দুপুর দেড়টার দিকে সানোয়ার হোসেনের স্ত্রী জবেদা খাতুন বাড়ির পাশে কাপড় পরিস্কার করছিলো। তার ঘরে মেইন গেইট খোলা দেখে কুষ্টিয়ার চৌঁরহাস এলাকার আবুল হোসেনের স্ত্রী জাহানারা খাতুন বাড়িতে প্রবেশ করে। সুযোগ বুঝে সে ওয়ারড্রব খুলে বিভিন্ন স্বর্ণালঙ্কার চুরি করে নেয়।

পরে জবেদা খাতুন কাপড় পরিস্কার করে ঘরে ঢুকতে জাহানারাকে দেখতে পায়। সে পানি খাওয়ার উদ্দেশ্যে বাড়িতে প্রবেশ করেছে বলে জবেদা খাতুনকে জানায়। জবেদা খাতুন না বুঝে তার জন্য পানি আনতে গেলে সে পালিয়ে যায়। জবেদা খাতুন ঘটনাটি সন্দেহ হলে সে ওয়ারড্রব খুলে দেখে তার ও ছেলের বউ এর সকল স্বর্ণালঙ্কার চুরি করে নিয়ে গেছে।

এমন ঘটনায় জবেদা খাতুন ঘটনাটি পুলিশকে জানায়। পুলিশ ইতোপূর্বে আটকৃত জাহানারার ছবি দেখালে সে চোর নিশ্চিত করে। এ ঘটনায় জবেদা খাতুন আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ কুষ্টিয়া জেলার চৌঁরহাস মোড়ে স্বর্ণালঙ্কার উদ্ধার অভিযান পরিচালনা করে। সোমবার মধ্য রাতে পুলিশ দেখে জাহানারা খাতুন চুরির ঘটনা উন্মোচন করে।

জাহানারা খাতুন জানায়, স্বর্ণের দেড় ভরি ওজনের একটি চেইন ৪৫ হাজার টাকার বিনিময়ে কুষ্টিয়া শহরের চৌঁরহাস মোড়ে সোহাগ জুয়েলারিতে বিক্রি করে। এছাড়াও চুরিকৃত স্বর্ণালঙ্কার ও বিক্রির ৪৫ হাজার টাকা তার মেয়ে রেজাউল করিমের স্ত্রী পলি খাতুনের নিকট রয়েছে। এমন তথ্যের ভিত্তিতে স্বর্ণালঙ্কার চুরির সাথে সম্পৃক্ত ৩ জনকে আটক করে। উদ্ধার করা হয় প্রায় ৭ ভরি স্বর্ণালঙ্কার।

এ ঘটনায় কুষ্টিয়া জেলার জুয়েলারি মালিক সমিতির সভাপতি মিজান কুমার কর্মকার জানান, চুরিকৃত স্বর্ণালঙ্কার ক্রয় করতে সঠিক দোকানের রশিদ ও জাতীয় পরিচয়ের মাধ্যমে ক্রয় করতে হবে। তবে, চুরি সিন্ডিকেট এর সাথে সম্পৃক্ততা রেখে ব্যবসা পুরো বে-আইনি।

তিনি আরো জানান, যদি সোহাগ জুয়েলারির মালিক সোহাগ যদি চুরিকৃত স্বর্ণালঙ্কার চুরির প্রমান মিলে।পরবর্তীতে ব্যবসায়ীক সমিতি তার বিরুদ্ধে পদক্ষেপ নিবে।

স্বর্ণালঙ্কার চুরির ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, চুরির ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ তিনজনকে আটক করেছে। চুরি হওয়া প্রায় ৭ ভরি স্বর্ণের গহণা উদ্ধার করা হয়। এ ঘটনায় ৩ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে ডিজিটাল উদ্ভাবনী মেলা।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা চত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

এর আগে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল-জান্নাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলার উদ্বোধন করেন।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেলাই (১) উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ(২)ডিজিটাল সেবা(৩)হাতের মুঠোয় সেবা (৪) শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান নামে চারটি প্যাভিলিয়ন অংশগ্রহণ করে। প্যাভিলিয়ন-১ উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ প্যাভিলিয়নে, উপজেলা কৃষি অফিস,সমাজ সেবা অফিস। প্যাভিলিয়ন-২ ডিজিটাল সেবা প্যাভিলিয়নে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উপজেলা ভূমি অফিস,উপজেলা নির্বাচন অফিস,মুজিবনগর থানা,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস,পরিবার পরিকল্পনা অফিস।

প্যাভিলিয়ন-৩ হাতের মুঠোয় সেবা প্যাভিলিয়নে, ব্যাংক,ইউনিয়ন ডিজিটাল সেন্টার উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ অফিস,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,উপজেলা শিক্ষা অফিস প্যাভিলিয়ন-৪ শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান প্যাভিলিয়নে,মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক

অধিদপ্তর,বিআরডিবি,আনসার ও ভিডিপি অফিস অংশ গ্রহন করে। এছাড়াও দিন ব্যাপি আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা অনু্ষ্ঠিত হয়।

বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপি মেলার সমাপ্তি হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বিজ্ঞান শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে মুজিবনগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড এর আয়োজন করা হয়েছে।

ঝিনাইদহে বিএনপি,ছাত্রলীগ ও পুলিশের সংঘর্ষ ধাওয়া পাল্টা ধাওয়া, আহত ১৫

ঝিনাইদহে বিএনপি ও ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে একজন ব্যাংক কর্মকর্তাসহ উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন। ভাংচুর করা হয়েছে ব্যবসায় প্রতিষ্ঠান।

আজ সোমবার (৭ নভেম্বর) দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরে মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস উপলক্ষে সরকারি কেসি কলেজ থেকে একটি মিছিল বের করে জেলা ছাত্রলীগ।

অপরদিকে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বরে বিপ্লব ও সংহতি দিবস পালন উপলক্ষে বিএনপি’র নেতাকর্মীরা জড়ো হতে থাকে। ছাত্রলীগের মিছিলটি

শহরের পুরাতন ডিসি কোর্টের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা বিএনপি’র মিছিলের নেতাকর্মীদের সাথে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে শুরু হয় ইটপাটকেল নিক্ষেপ ও সংঘর্ষ। বিএনপি নেতাকর্মীদের ধাওয়া খেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা পিছু হটে যায়। ছাত্রলীগের নেতাকর্মীরা শহরে পোস্ট অফিস মোড়ে অবস্থান করলে বিএনপি নেতাকর্মীরা জেলা যুবলীগের সভাপতি আশফাক মাহমুদ জনের মালিকাধীন ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর করে।

পরে ছাত্রলীগ ও যুবলীগের নেতা কর্মীরা মিছিল নিয়ে এসে বিএনপি’র অফিসে হামলা চালায়। পুলিশ উভয় পক্ষকে সরিয়ে দিতে গেলে ছাত্রলীগের সাথে পুলিশের ধস্তাধস্তি হয়। একপর্যায়ে পুলিশ লাঠি চার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। বর্তমানে ঝিনাইদহ শহরে থমথমে অবস্থা বিরাজ করায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন বলেন, ছাত্রলীগের নেতাকর্মীরা শান্তিপুর্ণ মিছিল করছিলো। সেখানে বিএনপির নেতাকর্মীরা অতর্কিত হামলা চালিয়ে আমাদের বেশ কয়েকজন নেতাকর্মীকে আহত করেছে। তারা আমার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুর করেছে। তিনি অভিযোগ করে বলেন, পুলিশের উপস্থিতিতে ছাত্রলীগের নেতাকর্মীদের উপর হামলা করা হয়েছে।

এদিকে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ বলেন, আমরা শান্তিপুর্ণ ভাবে বিপ্লব ও সংহতি দিবসের প্রোগ্রাম করছিলাম। সেখানে ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা চালায়। যুবলীগ নেতার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুরের বিষয়টি তিনি অস্বীকার করেন।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার বলেন, উভয় পক্ষকে ছত্রভঙ্গ করে দেওয়া হয়েছে বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। শহরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫

জন আটক

মেহেরপুর পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলায় ৫ জন আসামি আটক হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৪ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে ১ আসামি রয়েছে। রবিবার সকাল থেকে আজ সোমবার (৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত সদর থানা ও গাংনী থানার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এই আসামি গ্রেফতার করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) মনোজ কুমার নন্দীর নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

এসময় মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৫ গ্রাম হেরোইন, ২ বোতল ফেনসিডিল উদ্ধার হয় এছাড়া গাংনী থানায় ১৩০ গ্রাম গাঁজা উদ্ধার করে। সদর থানায় ৩ টি ও গাংনী থানায় ২ টি সহ ৫ টি মামলা এফআইআরভূক্ত করা হয়।

আটকদের আজ সোমবার (৭ নভেম্বর) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাঁজাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে বিজিবি

গাংনীর কাজিপুর সীমান্তের আলমবাজার এলাকায় ৪৭ বর্ডাগার্ড বাংলাদেশ(বিজিবি) কাজিপুর বিওপি অভিযান চালিয়ে মোটরসাইকেল, মোবাইল ফোন ও গাঁজাসহ ২ মাদক কারবারীকে আটক করেছে।

আটকরা হলেন গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকার মোজাম্মেল হকের ছেলে বিদ্যুৎ হোসেন (৩২) ও করমদি গ্রামের খোরশেদ আলমের ছেলে বাদল হোসেন (২০)।

তাদের কাছ থেকে একটি মোটরসাইকেল, ২ টি মোবাইল ফোন (৩টি সীমসহ) ১৩০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। সীমান্ত পিলার ১৪৫/৫ এস হতে ৫ শ গজ দুরে বাংলাদেশের অভ্যন্তরে কাজিপুর আলমবাজার এলাকা থেকে তাদের আটক করে বিজিবি’র টহল দলটি।

রবিবার সন্ধ্যার দিকে কাজিপুর বিওপি’র কমান্ডার হাবিলদার মো: টিপু সুলতানের নেতৃত্বে বিজিবির একটি দল এই অভিযানে অংশ নেন। এঘটনায় মামলা দিয়ে দুজনকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।